

3 (Sem-4) BEN

Bijni College Library
P.O.-Bijni, Dist.-Chirang
(B.T.A.D) Assam

2013

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks
for the questions

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×১০=১০

- (ক) গ্রিক-ভারতীয় ভাস্কর্যের প্রয়াগভূমি বলে সৈয়দ মুজতবা আলী আফগানিস্থানের কোন্ গ্রামকে নির্দেশ করেছেন ?
- (খ) “একদিকে অগাধ পাণ্ডিত্য, অন্যদিকে কুসংস্কারে ভর্তি।”
এখানে কার কথা বলা হয়েছে ?
- (গ) সর্বপ্রথম কোন্ ভারতীয় সম্রাট হিন্দুকুশের উত্তরে বাল্হিক প্রদেশ জয় করেছিলেন ?
- (ঘ) বৌদ্ধধর্ম প্রচারের জন্য সম্রাট অশোক কোন্ শ্রমণকে আফগানিস্থানে পাঠিয়েছিলেন ?
- (ঙ) “কাবুল স্বর্ণহীন হোক আপত্তি নেই, কিন্তু — যেন না হয়।”
(শূন্যস্থান পূর্ণ করো)
- (চ) তৎকালীন আফগানিস্থানের শীতকালের রাজধানী কোথায় ছিলো ?

Bijni College Library

O.D. Bijni Dist. Chitrag

(১) (স্ব) (স্ব) শব্দটি গুণবাচক বিশেষণ, এর বিশেষ্য রূপটি নির্দেশ করো।

(জ) পদ পরিবর্তন করো (যে কোনো একটি) :

গঙ্গা ; দেহ।

(ঝ) বানান সংশোধন করো (যে কোনো একটি) :

পিপিলিকা ; মুহূর্ত।

(ঞ) শুদ্ধরূপটি নির্ণয় করো :

নিরপরাধ ; নিরপরাধী ; নিরাপরাধ ; নিরাপরাধী।

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

(ক) আফগানিস্থানের শেষ হিন্দুরাজার নাম কী? তিনি কার হাতে পরাজিত হয়েছিলেন?

(খ) “কাবুলের সামাজিক জীবন তিন হিস্যায় বিভক্ত। তিন শরিকে মুখ দেখাদেখি নেই।” তিন শরিকের যে কোনো দুই শরিকের নাম উল্লেখ করো।

(গ) একই ‘অহু’ শব্দযোগে গঠিত ‘মধ্যাহ্ন’ ও ‘অপরাহ্ন’ বানানের ক্ষেত্রে পার্থক্য দেখা যায় কেন? কারণ উল্লেখ করো।

(ঘ) বানান যুগলের মধ্যে শুদ্ধ বানানটি নির্ণয় করো :

উজ্জ্বল—উজ্বল ; প্রজ্জ্বলিত—প্রজ্বলিত।

(ঙ) পদ পরিবর্তনের ফলে ‘গ্রাম’ পদটির দুটি পরিবর্তিত রূপের উল্লেখ করো।

৩। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও (যে কোনো দুটি) : $৫ \times ২ = ১০$

(ক) 'গাঙ্গার শিল্প' বলতে কী বোঝায়? সংক্ষিপ্ত টীকা লেখো।

(খ) কাবুল বাজারে মোঙ্গলদের নাচের বর্ণনা দাও।

(গ) ব্যাখ্যা করো :

“তাই এক অভূত অচ্ছেদ্য চক্রের সৃষ্টি হয়। খাজনা তোলার জন্য সেপাই দরকার, সেপাই পোষার জন্য খাজনার দরকার।”

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

(ক) 'ভিন্নার্থক শব্দ'-এর সংজ্ঞা নির্ণয় করো। নিম্নলিখিত যে কোনো দুটি শব্দের কমপক্ষে দুটি ভিন্ন-ভিন্ন অর্থ নির্দেশ করে বাক্য-রচনা করো : $১ + ২ + ২ = ৫$

উত্তর ; অঙ্ক ; কর ; ফল।

(খ) যে কোনো দুটি বাগ্মিধির অর্থ নির্দেশ করে বাক্য-রচনা করো : $২ \frac{১}{২} \times ২ = ৫$

অমাবস্যার চাঁদ ; চোখের বালি ; সুখের পায়রা ;
সোনায় সোহাগা।

(গ) বাগ্মিধির অন্তর্গত 'মাথা' অথবা 'চোখ' বিশেষ্য পদটির বিশিষ্ট ব্যবহারে যে ভিন্ন-ভিন্ন তাৎপর্য ফুটে ওঠে, সে সম্বন্ধে একটি পর্যালোচনা প্রস্তুত করো। ৫

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- (ক) 'দেশে-বিদেশে' গ্রন্থে উল্লিখিত পাঠানদের জীবনযাপন পদ্ধতি সম্বন্ধে আলোচনা করো।
- (খ) 'মা খু চিহল ও পঞ্জম হস্তম্' উপাখ্যানটি বর্ণনা করো।
- (গ) দোস্ত মুহম্মদের চারিত্রিক বৈশিষ্ট্য আলোচনা করো।
- (ঘ) সিংহাসন আরোহনের পর আমান উল্লা আফগানিস্থানের প্রগতি ও উন্নয়নের জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করেছিলেন, তা বর্ণনা করো।

৬। নির্দেশানুযায়ী উত্তর দাও (যে কোনো একটি) : ১০

- (ক) 'পদ' কাকে বলে? 'পদ পরিবর্তন' বলতে কোন্ ধরনের পরিবর্তনকে নির্দেশ করা হয়? বিশেষ্য থেকে বিশেষণ এবং বিশেষণ থেকে বিশেষ্যে পদ পরিবর্তনের প্রতিটি তিনটি করে উদাহরণ দাও। ২+২+৩+৩=১০
- (খ) ব্যাকরণের ক্ষেত্রে 'অশুদ্ধি সংশোধন' বলতে কী বোঝায়? বর্ণাশুদ্ধি জনিত, উচ্চারণ-দোষ জনিত, সন্ধি-বিষয়ক এবং সমাস-বিষয়ক অশুদ্ধির প্রতিটির দুটি করে উদাহরণ দাও। ২+২+২+২+২=১০

৭। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখো : ১০

- (ক) চরিত্র গঠনের উপাদান হিসেবে কৃতী ব্যক্তির জীবনী পাঠের উপযোগিতা
- (খ) অসমের প্রাকৃতিক সৌন্দর্য ও অসমে পর্যটন শিল্পের সম্ভাবনা
- (গ) গণসংযোগ মাধ্যম হিসেবে ইন্টারনেটের ভূমিকা
- (ঘ) তোমার নিজস্ব কোনো এক ভ্রমণের অভিজ্ঞতা
